

TDC (CBCS) Odd Semester Exam., 2023

BENGALI  
( Honours )

( 1st Semester )

Course No. : BNGHCC-102T

( প্রাচীন ও মধ্যযুগের বাংলাসাহিত্য )

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাশ্চাত্ত সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

প্রতিটি ইউনিট থেকে যে কোনো দুটি প্রশ্ন নিয়ে দশটি প্রশ্নের উত্তর

দাও :

২×১০=২০

UNIT—I

- ১। কে 'চর্যাপদ'-এর পুথি আবিষ্কার করেন? 'চর্যাপদ'-এর প্রকৃত নাম কী?
- ২। 'চর্যাপদ' গ্রন্থটির প্রথম সম্পাদক কে? গ্রন্থটি প্রথম কোথা থেকে প্রকাশিত হয়?
- ৩। 'চর্যাপদ'-এর পুথির শেষ পত্রসংখ্যা কত? 'চর্যাপদ'-এর ৫ সংখ্যক পদটির রচয়িতার নাম লেখো।

UNIT—II

- ৪। অভিসার বলতে কী বোঝো ?
- ৫। পূর্বরাগের শ্রেষ্ঠ কবি কে ? তাঁর জন্মস্থান কোথায় ?
- ৬। “এ সখি হামারি দুখের নাহি ওর ।  
এ ভরা বাদর        মাহ ভাদর  
শূন্য মন্দির মোর ॥”
- উক্ত পদটির পদকর্তা কে ? পদটি কোন্ রস পর্যায়ে ?

UNIT—III

- ৭। ‘চণ্ডীমঙ্গল’ কাব্যের শ্রেষ্ঠ কবি কে ? কোন্ পুরাণে দেবীচণ্ডীর উল্লেখ আছে ?
- ৮। ‘চণ্ডীমঙ্গল’ কাব্যে কয়টি খণ্ড ও কী কী ?
- ৯। কালকেতু ও ফুল্লরার প্রকৃত পরিচয় দাও ।

UNIT—IV

- ১০। বাংলায় লেখা প্রথম জীবনী-সাহিত্যের নাম কী ? লেখক কে ?
- ১১। ‘চৈতন্যলীলার ব্যাস’ কাকে বলা হয় ? চৈতন্যদেবের আদিনিবাস কোথায় ছিল ?
- ১২। ‘চৈতন্যভাগবত’-এর আদিনাম কী ছিল ? ‘চৈতন্যভাগবত’ গ্রন্থে কয়টি খণ্ড রয়েছে ?

UNIT—V

- ১৩। ‘শাক্তপদাবলী’ কাকে বলে? ‘শাক্তপদাবলী’ কোন্ শতাব্দীর সাহিত্য?
- ১৪। আগমনী পর্যায়কে কয়ভাগে ভাগ করা হয় ও কী কী?
- ১৫। “ওরে নবমী নিশি না হইও রে অবসান।”  
উদ্ধৃত কবিতাংশটি ‘শাক্তপদাবলী’র কোন্ পর্যায়ের অন্তর্ভুক্ত?  
উক্ত পদের রচনাকারের নাম লেখো।

SECTION—B

প্রতিটি ইউনিট থেকে একটি করে প্রশ্ন নিয়ে পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

১০×৫=৫০

UNIT—I

- ১৬। ‘চর্যাপদ’-এর সাহিত্যিক মূল্য সম্পর্কে আলোচনা করো।
- ১৭। আদি সিদ্ধাচার্যের নাম উল্লেখ করে ১ সংখ্যক পদের মর্মার্থ বিশ্লেষণ করো।

UNIT—II

- ১৮। মাথুর পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? কবির পদগুলি উল্লেখ করে মাথুর পর্যায়ে তাঁর কবিকৃতি বর্ণনা করো।
- ১৯। ভাবসম্মিলনের সংজ্ঞা উল্লেখ করে এই পর্যায়ের পদগুলির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো।

UNIT—III

- ২০। ‘চণ্ডীমঙ্গল’ কাব্য রচনায় কবিকঙ্কণ মুকুন্দরাম চক্রবর্তীর কবি-প্রতিভার পরিচয় দাও।
- ২১। “শুধু মধ্যযুগ নয়, সমগ্র বাংলা সাহিত্যে ফুল্লরা এক অনন্য-সাধারণ নারীচরিত্র।” উক্তিটির পরিপ্রেক্ষিতে ফুল্লরা চরিত্রের স্বরূপ বর্ণনা করো।

UNIT—IV

- ২২। চৈতন্য-জীবনীগ্রন্থ হিসেবে ‘চৈতন্যভাগবত’ গ্রন্থের সার্থকতা নিরূপণ করো।
- ২৩। বৃন্দাবনদাসের ‘চৈতন্যভাগবত’ গ্রন্থে প্রতিফলিত সমকালীন সামাজিক ও লৌকিক ইতিহাসের চিত্রটি বিশ্লেষণ করো।

UNIT—V

- ২৪। ‘শাক্তপদাবলী’র পদগুলিতে বাঙালি সমাজ-জীবনের যে পরিচয় পাওয়া যায় তা বিশ্লেষণ করো।
- ২৫। ‘শাক্তপদাবলী’তে বাৎসল্য রসের যে স্ফূরণ ঘটেছে তা আলোচনা করো।

★ ★ ★